


উপজেলা পরিষদ কার্যালয়
মৌলভীবাজার সদর

বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ১৬ ফেব্রুয়ারি ২০২০ তারিখের ৪৬.০৪৬.০২৬.০০.০০.০৫৪.২০১৩.২৬৪ নম্বর স্মারকে জারীকৃত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ক) অনুচ্ছেদ এবং ১৬.০১.২০২৩ তারিখে অনুষ্ঠিত মৌলভীবাজার সদর উপজেলা পরিষদের জানুয়ারি ২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীর ২৯ নং অনুচ্ছেদের সিদ্ধান্ত মোতাবেক মৌলভীবাজার সদর উপজেলা পরিষদে সরকার কর্তৃক আরোপিত বিধি-নিষেধ সাপেক্ষে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে সরকার অনুমোদিত হারে দৈনিক চুক্তিতে (মাষ্টার রোলে) একজন মালি নিয়োগের জন্য মৌলভীবাজার জেলার স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আবেদনকারীকে নিজ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের নিকট হতে নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের কপি, দুই কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের সাদাকাগো ছবি, ও শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত ছায়ালিপি সহ আগামী ১৫.০২.২০২৩ তারিখের মধ্যে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মৌলভীবাজার সদর বরাবরে আবেদন করতে হবে।

শর্তাবলী :

- ০১। প্রার্থীকে ন্যূনতম ৮ম শ্রেণী পাস হতে হবে।
- ০২। ৩১.০১.২০২৩ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা প্রার্থী/ বীর মুক্তিযোদ্ধার সন্তান প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- ০৩। আবেদনকারীকে ১৬/০২/২০২৩ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় সাক্ষাৎকারের জন্য দাখিলকৃত কাগজপত্রের মূলকপিসহ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মৌলভীবাজার সদর এর অফিসকক্ষে উপস্থিত হতে হবে। সাক্ষাৎকারে উপস্থিত থাকার জন্য পৃথক কোন পত্র দেয়া হবে না এবং সাক্ষাৎকারে উপস্থিত থাকার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।



(মো: কামাল হোসেন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মৌলভীবাজার সদর

স্মারক নম্বর ৪৬.৬০.৫৮৭৪.০০২.০২.০০৬.১৬.১১

তারিখ : ০১ জানুয়ারি ২০২৩

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

- ০১। জেলা প্রশাসক, মৌলভীবাজার
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজনগর/কুলাউড়া/বড়লেখা/জুড়ি/কমলগঞ্জ/শ্রীমঙ্গল।
- ০৩। মেয়র, মৌলভীবাজার/কুলাউড়া/বড়লেখা/কমলগঞ্জ/শ্রীমঙ্গল পৌরসভা।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, রাজনগর/কুলাউড়া/বড়লেখা/জুড়ি/কমলগঞ্জ/শ্রীমঙ্গল।
- ০৫। জেলা তথ্য কর্মকর্তা, মৌলভীবাজার।
- ০৬। উপজেলা..... কর্মকর্তা(সকল)।
- ০৭। চেয়ারম্যান..... ইউপি (সকল)


(মো: শরীফ উদ্দিন)
পরিচিতি নম্বর : ১৭৪৮৪
উপজেলা নির্বাহী অফিসার
মৌলভীবাজার সদর
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মৌলভীবাজার সদর

ই মেইল : uno.moulvibazar@mopa.gov.bd